গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
কর্মীব্যবস্থাপনা শাখা, প্রশাসন বিভাগ
৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
**www.bscic.gov.bd**

নম্বর: ৩৬.০২.০০০০.০০০.০০৩.১১.০০৬৮.২৫.১৪৯০

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩২ / ০১ জুলাই ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের (বিসিক) রাজস্ব খাতের নিম্নবর্ণিত শূন্যপদে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে সরাসরি নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://bscic.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা হলো:

| ক্রমিক | পদের নাম-সংখ্যা, বেতন স্কেল, গ্রেড ও পদের প্রকৃতি (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১। | প্রশিক্ষণ কর্মকর্তা (Training Officer) টাকা: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) পদের প্রকৃতি: স্থায়ী | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। অথবা যেকোনো বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে। |
| ০২। | এনালিস্ট (Analyst) টাকা: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) পদের প্রকৃতি: স্থায়ী | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। অথবা যেকোনো বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে। |
| ০৩। | প্রটোকল অফিসার (Protocol Officer) টাকা: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) পদের প্রকৃতি: স্থায়ী | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। অথবা যেকোনো বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে। |
| ০৪। | মান নিয়ন্ত্রণ কর্মকর্তা (Quality Control Officer) টাকা: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) পদের প্রকৃতি: স্থায়ী | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। অথবা যেকোনো বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে। |
| ০৫। | পরিকল্পনা কর্মকর্তা (Planning Officer) টাকা: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) পদের প্রকৃতি: স্থায়ী | ০২টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। অথবা যেকোনো বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে। |
| ০৬। | প্রশাসনিক কর্মকর্তা (Administrative Officer) টাকা: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) পদের প্রকৃতি: স্থায়ী | ০২টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। অথবা যেকোনো বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে। |
| ০৭। | কর্মীব্যবস্থাপনা কর্মকর্তা (Personnel Officer) টাকা: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) পদের প্রকৃতি: স্থায়ী | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। অথবা যেকোনো বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে। |
| ০৮। | গবেষণা কর্মকর্তা (Research Officer) টাকা: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) পদের প্রকৃতি: স্থায়ী | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। অথবা যেকোনো বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে। |

| ক্রমিক | পদের নাম-সংখ্যা, বেতন স্কেল, গ্রেড ও পদের প্রকৃতি (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০৯। | জরীপ ও তথ্য কর্মকর্তা<br>(Survey and Information Officer)<br>টাকা: ২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-৯)<br>পদের প্রকৃতি: স্থায়ী | ০৩টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে।<br>অথবা<br>যেকোনো বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে। |
| ১০। | প্রমোশন কর্মকর্তা<br>(Promotion Officer)<br>টাকা: ২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-৯)<br>পদের প্রকৃতি: স্থায়ী | ২৩টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে।<br>অথবা<br>যেকোনো বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে। |
| ১১। | সহকারি অনুষদ সদস্য<br>(Assistant Faculty Member)<br>টাকা: ২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-৯)<br>পদের প্রকৃতি: স্থায়ী | ০২টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে।<br>অথবা<br>যেকোনো বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে। |
| ১২। | রসায়নবিদ<br>(Chemist)<br>টাকা: ২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-৯)<br>পদের প্রকৃতি: স্থায়ী | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি অথবা ২য় শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে।<br>অথবা<br>যেকোনো বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রি সংগতিপূর্ণ হতে হবে। |
| ১৩। | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>(Accounts Officer)<br>টাকা: ২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-৯)<br>পদের প্রকৃতি: স্থায়ী | ১১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | হিসাব বিজ্ঞান/ব্যাংকিং/ফাইন্যান্স/ব্যবসা প্রশাসন/অর্থনীতি/পরিসংখ্যান বিষয়ে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি থাকতে হবে।<br>অথবা<br>হিসাব বিজ্ঞান/ব্যাংকিং/ফাইন্যান্স/ব্যবসা প্রশাসন/অর্থনীতি/পরিসংখ্যান বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। |
| ১৪। | অডিট অফিসার<br>(Audit Officer)<br>টাকা: ২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-৯)<br>পদের প্রকৃতি: স্থায়ী | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | হিসাব বিজ্ঞান/ব্যাংকিং/ফাইন্যান্স/ব্যবসা প্রশাসন/অর্থনীতি/পরিসংখ্যান বিষয়ে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি থাকতে হবে।<br>অথবা<br>হিসাব বিজ্ঞান/ব্যাংকিং/ফাইন্যান্স/ব্যবসা প্রশাসন/অর্থনীতি/পরিসংখ্যান বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। |
| ১৫। | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>(Accounts Officer)<br>টাকা: ২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-৯)<br>পদের প্রকৃতি: অস্থায়ী<br>(চামড়া শিল্পনগরী, ঢাকা) | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | হিসাব বিজ্ঞান/ব্যাংকিং/ফাইন্যান্স/ব্যবসা প্রশাসন/অর্থনীতি/পরিসংখ্যান বিষয়ে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার ডিগ্রি থাকতে হবে।<br>অথবা<br>হিসাব বিজ্ঞান/ব্যাংকিং/ফাইন্যান্স/ব্যবসা প্রশাসন/অর্থনীতি/পরিসংখ্যান বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। |
| ১৬। | উর্ধ্বতন নকশাবিদ<br>(Senior Designer)<br>টাকা: ২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-৯)<br>পদের প্রকৃতি: স্থায়ী | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | ফাইন আর্টসে কমপক্ষে ২য় শ্রেণির ডিগ্রি থাকতে হবে। |
| ১৭। | সহকারী প্রকৌশলী<br>(Assistant Engineer)<br>টাকা: ২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-৯)<br>পদের প্রকৃতি: অস্থায়ী<br>(চামড়া শিল্পনগরী, ঢাকা) | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কমপক্ষে ২য় শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি (সংশ্লিষ্ট বিষয়ে) থাকতে হবে। |
| ১৮। | ড্রাফটসম্যান<br>(Draftsman)<br>টাকা: ১৬,০০০-৩৮,৬৪০/-<br>(গ্রেড-১০)<br>পদের প্রকৃতি: স্থায়ী | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কোনো অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা পাশ হতে হবে। |
| ১৯। | টেকনিক্যাল অফিসার<br>(Technical Officer) | ১৭টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কোনো অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা পাশ হতে হবে। |

| ক্রমিক | পদের নাম-সংখ্যা, বেতন স্কেল, গ্রেড ও পদের প্রকৃতি (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| | টাকা: ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) পদের প্রকৃতি: স্থায়ী | | | |
| ২০। | কারিগরি কর্মকর্তা (Technical Officer) টাকা: ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) পদের প্রকৃতি: অস্থায়ী (চামড়া শিল্পনগরী, ঢাকা) | ০১টি | | কোনো অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা পাশ হতে হবে। |
| ২১। | কারিগরি কর্মকর্তা (Technical Officer) টাকা: ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) পদের প্রকৃতি: অস্থায়ী (বিসিক বৈদ্যুতিক পণ্য উৎপাদন ও হালকা প্রকৌশল শিল্পনগরী, টংগীবাড়ি, মুন্সিগঞ্জ) | ০১টি | | কোনো অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা পাশ হতে হবে। |
| ২২। | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা (Assistant Accounts Officer) টাকা: ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) পদের প্রকৃতি: স্থায়ী | ০২টি | | বাণিজ্য বিষয়ে কমপক্ষে ২য় শ্রেণির ডিগ্রি থাকতে হবে। |
| ২৩। | নকশাবিদ (Designer) টাকা: ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) পদের প্রকৃতি: স্থায়ী | ০২টি | | সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২য় শ্রেণির ডিগ্রি থাকতে হবে। |
| ২৪। | কম্পিউটার অপারেটর (Computer Operator) টাকা: ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) পদের প্রকৃতি: অস্থায়ী (চামড়া শিল্পনগরী, ঢাকা) | ০১টি | | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী- (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ২৫। | হিসাব সহকারী (Accounts Assistant) টাকা: ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) পদের প্রকৃতি: স্থায়ী | ০১টি | | বাণিজ্য বিষয়ে কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন অন্যান্য বিষয়ে স্নাতক ডিগ্রিধারীদেরকেও বিবেচনা করা যেতে পারে। |
| ২৬। | উচ্চমান সহকারী (Upper Division Assistant) টাকা: ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) পদের প্রকৃতি: স্থায়ী | ০৭টি | | কমপক্ষে স্নাতক ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ২৭। | মাননিয়ন্ত্রণ সহকারী (Quality Control Assistant) টাকা: ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) পদের প্রকৃতি: স্থায়ী | ০২টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কমপক্ষে স্নাতক ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ২৮। | ইলেকট্রিশিয়ান (Electrician) টাকা: ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) পদের প্রকৃতি: স্থায়ী | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কমপক্ষে এসএসসি পাশসহ কোনো অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট/ট্রেড কোর্স পাশ এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে এবিসি লাইসেন্সসহ অভিজ্ঞতা থাকতে হবে। বহিরাগত যোগ্য প্রার্থী না পাওয়া গেলে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের জন্য শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ২৯। | টেকনিশিয়ান (Technician) টাকা: ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) পদের প্রকৃতি: স্থায়ী | ০৫টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কমপক্ষে এসএসসি পাশসহ কোনো অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট/ট্রেড কোর্স পাশ হতে হবে। সংশ্লিষ্ট কাজে উচ্চ দক্ষতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া যাবে। যোগ্যতা সম্পন্ন বহিরাগত প্রার্থী না পাওয়া গেলে ট্রেড/সার্টিফিকেট কোর্স পাশ করা ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণি পর্যন্ত শিথিলযোগ্য। |
| ৩০। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (Office Assistant cum Computer Typist) টাকা: ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ৭২টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কমপক্ষে এইচএসসি পাশ হতে হবে। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হবে: ক. বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ খ. ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ |

| ক্রমিক | পদের নাম-সংখ্যা, বেতন স্কেল, গ্রেড ও পদের প্রকৃতি<br>(জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| | পদের প্রকৃতি: স্থায়ী | | | মুদ্রাক্ষরণের প্রয়োজনীয় গতিবেগ থাকলে বিভাগীয় প্রার্থীদের জন্য শিক্ষাগত যোগ্যতা এসএসসি পর্যন্ত শিথিলযোগ্য। |
| ৩১। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(Office Assistant cum Computer Typist)<br>টাকা: ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) পদের প্রকৃতি: অস্থায়ী<br>(বিসিক বৈদ্যুতিক পণ্য উৎপাদন ও হালকা প্রকৌশল শিল্পনগরী, টংগীবাড়ি, মুন্সিগঞ্জ) | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কমপক্ষে এইচএসসি পাশ হতে হবে। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হবে:<br>ক. বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ<br>খ. ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ<br>মুদ্রাক্ষরণের প্রয়োজনীয় গতিবেগ থাকলে বিভাগীয় প্রার্থীদের জন্য শিক্ষাগত যোগ্যতা এসএসসি পর্যন্ত শিথিলযোগ্য। |
| ৩২। | রিসিপশনিস্ট<br>(Receptionist)<br>টাকা: ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬)<br>পদের প্রকৃতি: স্থায়ী | ০১টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কমপক্ষে এইচএসসি পাশ হতে হবে। বিভাগীয় প্রার্থীদের জন্য শিক্ষাগত যোগ্যতা এসএসসি পর্যন্ত শিথিলযোগ্য। |
| ৩৩। | নকশা সহকারী<br>(Design Assistant)<br>টাকা: ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬)<br>পদের প্রকৃতি: স্থায়ী | ০৩টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কমার্শিয়াল আর্ট এবং নকশায় ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কোনো অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে কমপক্ষে এসএসসি পাশ হতে হবে। বহিরাগত উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীগণকে বিবেচনা করা যেতে পারে। |
| ৩৪। | গাড়ি চালক<br>(Driver)<br>টাকা: ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬)<br>পদের প্রকৃতি: স্থায়ী | ১৩টি | অনূর্ধ্ব ৩২ বৎসর পর্যন্ত | কমপক্ষে ৮ম শ্রেণি পাশ হতে হবে এবং সেই সঙ্গে হালকা/ভারী যানবাহন চালনার লাইসেন্সসহ ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। উপযুক্ত যোগ্যতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীগণকে বিবেচনা করা যেতে পারে। |
| | **মোট** | **১৮৫টি** | | |

| | |
|---|---|
| | **আবেদন ফরম পূরণ এবং নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:** |
| ০১। | বিসিকের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এবং শূন্যপদ পূরণ সংক্রান্ত সরকারি আইন ও বিধি অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। |
| ০২। | উপরিউক্ত কলাম ০৫ এ প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার Equivalent GPA/CGPA গ্রহণযোগ্য হবে। অধিকন্তু, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত অন্যান্য আইন ও বিধি প্রতিপালন করা হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ শিক্ষা বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের সকল সনদপত্র এবং বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান নির্ধারণী সনদ প্রদান করতে হবে। |
| ০৩। | **বয়স ( ০১ জুলাই ২০২৫ খ্রি. তারিখ)**<br>ক) ০১ নং হতে ৩৪ নং ক্রমিকের পদসমূহের ক্ষেত্রে প্রার্থীদের বয়সসীমা ১৮ নভেম্বর ২০২৪ তারিখের জারিকৃত অধ্যাদেশ নং-১১, ২০২৪ মোতাবেক ১৮-৩২ বছর হতে হবে।<br>খ) বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে।<br>গ) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। আবেদনকারীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র বাতিল হিসেবে গণ্য হবে। |
| ০৪। | ক) প্রার্থী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে অথবা অন্য কোনো কোটায় আবেদন করতে হলে Online এ আবেদন ফরমের নির্ধারিত ঘর পূরণ করতে হবে। কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। অনলাইন পদ্ধতিতে নিয়োগের আবেদন ফরম পূরণকালে কোনো কোটায় আবেদন করা হয়েছে তা সুস্পষ্টভাবে ঘোষণা থাকতে হবে। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।<br>খ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণ অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।<br>গ) অসম্পূর্ণ তথ্যসংবলিত বা ভুল/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকে সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে।<br>ঘ) কোনো প্রার্থীর নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোনো তথ্য-উপাত্ত মিথ্যা বা অসত্য বা অমিল প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোনো সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল হিসেবে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ০৫। | **জাতীয়তা**<br>ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। লিঙ্গ নির্বিশেষে বাংলাদেশের যে কোনো নাগরিক আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।<br>খ) সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো প্রার্থী কোনো বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন।<br>গ) কোনো প্রার্থী সরকারের অনুমতি সাপেক্ষে বিদেশি নাগরিককে বিবাহ করলে সরকার কর্তৃক প্রদত্ত বিবাহের অনুমতিপত্রের অনুলিপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) Applicant's Copy-এর সঙ্গে বিসিক প্রধান কার্যালয়ে অবশ্যই জমা দিতে হবে। |
| ০৬। | **ডিক্লারেশন**<br>প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে নিয়োগ পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং বিসিক কর্তৃক গৃহীতব্য যে কোনো নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যে কোনো আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। Applicant's Copy-এ প্রদত্ত ডিক্লারেশন অনুযায়ী প্রার্থী লিখিত পরীক্ষার জন্য http://bscic.teletalk.com.bd ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করবেন। পরবর্তীতে, উপরিউক্ত কোনোরূপ অযোগ্যতা/দুর্নীতি প্রমাণিত হলে সাময়িকভাবে প্রাপ্ত প্রবেশপত্র ও প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। লিখিত পরীক্ষায় কৃতকার্য হলে অনলাইন আবেদনপত্রে (Applicant's Copy) প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর বিসিক কর্তৃক নির্ধারিত সময়ে এই বিজ্ঞাপনের ০৮ (আট) নং ক্রমিকের নির্দেশনা অনুযায়ী অনলাইনে পূরণকৃত Applicant's Copy এর অনুলিপিসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরিচালক (প্রশাসন), বিসিক, বিসিক ভবন, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ বরাবর প্রেরণ করতে হবে। কোনো প্রার্থী অনলাইনে Applicant's Copy এ প্রদত্ত তথ্য ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ |

যথাযথ সনদ/প্রত্যয়নপত্র দাখিল করতে ব্যর্থ হলে বা কোনো পদের জন্য নির্ধারিত যোগ্যতা না থাকলে বা আবেদনপত্র ভুলভাবে পূরণ করলে বা কোনো অযোগ্যতা বা কোনো Substantive ত্রুটি ধরা পড়লে যে কোনো পর্যায়ে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে কোনো ধরণের নোটিশ প্রদান করা হবে না। কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৭। **আবেদন করার পদ্ধতি**

ক) আগ্রহী প্রার্থীগণ **http://bscic.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ: ০৭/০৭/২০২৫ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা।

ii) Online এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ: ০৬/০৮/২০২৫ খ্রি. বিকাল ০৫.০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

খ) Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Applicant's Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে; নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। প্রার্থী উক্ত Applicant's copy প্রিন্ট বা ডাউনলোড করে পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন। Applicant's copy তে প্রাপ্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদনের ফি বাবদ ১ হতে ২১ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ২০০/-(দুইশত) টাকা এবং অনলাইন ফি বাবদ ২৩/-(তেইশ) টাকা অর্থাৎ ২২৩/-(দুইশত তেইশ) টাকা; ২২ হতে ২৩ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা এবং অনলাইন ফি বাবদ ১৮/-(আঠার) টাকা অর্থাৎ ১৬৮/-(একশত আটষট্টি) টাকা; ২৪ হতে ৩৪ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১০০/-(একশত) টাকা এবং অনলাইন ফি বাবদ ১২/-(বারো) টাকা অর্থাৎ ১১২/-(একশত বারো) টাকা এবং অনগ্রসর নাগরিকরের জন্য (সকল গ্রেড) আবেদনের ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা এবং অনলাইন ফি বাবদ ৬/-(ছয়) টাকা অর্থাৎ ৫৬/-(ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোনোভাবেই গৃহীত হবে না।

**ফি জমা দেওয়ার পদ্ধতি**

প্রথম SMS: BSCIC<Space>User ID & send to 16222
Example: BSCIC ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, TK 200/150/100/50 will be charged as application fee. Your PIN is 1234567. To pay fee type 200//150/100/50<space>Yes<space>PIN & send to 16222
দ্বিতীয় SMS: BSCIC<space> Yes<space> PIN & send to 16222
Example: BSCIC Yes 12345678 & send to 16222
Reply: Congratulations! Applicant's Name, Payment Completed successfully for XXXX your User ID is (ABCDEF) and Password (XXXXX).

উল্লেখ্য, ফি প্রদানের পর প্রার্থী আবেদনপত্রে প্রদত্ত তার নিজস্ব মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে User ID ও Password পাবেন।

ঙ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bscic.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। উল্লেখ্য, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময় আলাদা কোনো প্রবেশপত্র ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্রই মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ) SMS এর মাধ্যমে প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ছ) শুধু Teletalk Prepaid Mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত পদ্ধতিতে SMS এর মাধ্যমে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

For lost password:
i. User ID জানা থাকলে BSCIC<space>Help<space>User<space>User ID & send to 16222
Example: BSCIC HELP USER ABCDEF & send to 16222
ii. PIN Number জানা থাকলে BSCIC<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
Example: BSCIC HELP PIN 12345678 & send to 16222

জ) বিসিক নিয়োগ পরীক্ষার বিজ্ঞপ্তি, Online- এ আবেদনপত্র পূরণের নিয়মাবলি, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য **www.bscic.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

ঝ) প্রার্থীকে আবেদনের সময় প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষা গ্রহণের পর কেবল উত্তীর্ণ প্রার্থীদেরকে আবেদনপত্রে উল্লিখিত তথ্যের সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র/তথ্য বিসিক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পরিচালক (প্রশাসন), বিসিক, বিসিক ভবন, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা ঢাকা-১২০৮ বরাবর প্রেরণ করতে হবে। Applicant's Copy সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্য পুঙ্খানুপুঙ্খ যাচাইয়ের পর শুধু যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। দাখিলকৃত কাগজপত্র/তথ্যের সঠিকতা যাচাই সাপেক্ষে যোগ্য প্রার্থীকে মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য SMS প্রেরণ করা হবে।

ঞ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল/সাময়িক সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

ট) বয়স প্রমানের জন্য প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের সনদ দাখিল করতে হবে। 'ও' লেভেল এবং 'এ' লেভেল সম্পন্ন করা প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ দাখিল করতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

ঠ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ০৮ (আট) নং ক্রমিকে উল্লিখিত কাগজপত্র পরিচালক (প্রশাসন), বিসিক, বিসিক ভবন, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা ঢাকা-১২০৮ বরাবর প্রেরণ/দাখিল করতে হবে।

ড) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী উচ্চমান সহকারী (গ্রেড-১৪) পদের প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে।

০৮। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নলিখিত কাগজপত্র (মূল ও সত্যায়িত কপি-০১ সেট) মৌখিক পরীক্ষার সময় দাখিল করবেন:

১. ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত রঙিন ছবি;

২. শিক্ষাগত যোগ্যতা প্রমানের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদের সত্যায়িত ফটোকপি। মূল সনদের ফটোকপি প্রদানে অপারগ হলে সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি গৃহীত হবে।

| | |
|---|---|
| | ৩. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);<br>৪. অভিজ্ঞতার সনদের মূল কপি ও সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);<br>৫. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;<br>৬. নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি;<br>৭. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;<br>৮. প্রবেশপত্রের অনুলিপি;<br>৯. Applicant's Copy এর অনুলিপি;<br>১০. www.bscic.gov.bd ওয়েবসাইট থেকে প্রাক-চাকরি বৃত্তান্ত যাচাই ফরম ০২ (দুই) সেট (পুলিশ ভেরিফিকেশন ফরম) ডাউনলোড করে যথাযথভাবে পূরণ ও স্বাক্ষরপূর্বক জমাদান করতে হবে;<br>১১. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে (প্রযোজ্য ক্ষেত্রে) মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ প্রভৃতি কোটার স্বপক্ষে অবশ্যই উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীর ক্ষেত্রে প্রাসঙ্গিক কাগজপত্রাদি মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যাচাইপূর্বক নিয়োগপত্র জারি করা হবে;<br>১২. প্রার্থী উপজাতীয় সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি;<br>১৩. প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);<br>১৪. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র। |
| ০৯। | বিসিকের কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ১৯৮৯ অনুযায়ী সরাসরি নিয়োগপ্রাপ্ত ব্যক্তিরা ছয় মাসের জন্য শিক্ষানবিশ থাকবেন। তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে যে কোনো ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অনুর্ধ্ব ছয় মাসের জন্য বৃদ্ধি করতে পারবেন। কোনো ব্যক্তিকে কোনো পদে স্থায়ী করা হবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিশি মেয়াদ সমাপ্ত করে থাকেন এবং বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় (যদি থাকে) পাস করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) গ্রহণ করে থাকেন। |
| ১০। | এস, আর, ও নং ১৮৩-আইন/২০০৫/সম/বিধি-১/এস-৯/২০০০ এর ০৪ অনুযায়ী চামড়া শিল্পনগরী, ঢাকা ও বৈদ্যুতিক পণ্য উৎপাদন ও হালকা প্রকৌশল শিল্পনগরী টংগীবাড়ি, মুন্সিগঞ্জ সমাপ্ত উন্নয়ন প্রকল্পে নিয়োগপ্রাপ্ত হয়েছিলেন শুধুমাত্র তাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ১১। | ড্রাফটসম্যান/টেনিক্যাল অফিসার/কারিগরি কর্মকর্তা (গ্রেড-১০) পদের ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ১২। | অনলাইন ব্যতীত কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায় প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ১৩। | প্রার্থীকে লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। |
| ১৪। | কর্তৃপক্ষ প্রয়োজনে পদ সংখ্যা কম/বেশি নির্ধারনের অধিকার সংরক্ষণ করেন। |
| ১৫। | আবেদনপত্র যাচাই-বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |
| ১৬। | ৯ম ও ১০ম গ্রেডের পদের লিখিত পরীক্ষা একই তারিখ ও সময় অনুষ্ঠিত হবে বিধায় ৯ম ও ১০ম গ্রেডের একাধিক পদে আবেদন করার প্রয়োজন নেই এবং ১১-১৬তম গ্রেডের পদের লিখিত পরীক্ষা ভিন্ন তারিখ ও সময় অনুষ্ঠিত হবে বিধায় ১১-১৬তম গ্রেডের একাধিক পদে আবেদন করার প্রয়োজন নেই। |
| ১৭। | নিয়োগের ক্ষেত্রে সরকারের আইন/বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য আইন/বিধি অনুসরণ করা হবে। |
| ১৮। | উপরিউক্ত শর্তাবলির যে কোনো অংশ সংশোধন/সংযোজনসহ যে কোনো আবেদন গ্রহণ/বাতিলের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |

পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), ঢাকা